**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

## সংবাদ গতিধারা

**ঢাকা, বুধবার ১২ আগস্ট ২০১৫, ২৮ শ্রাবণ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। একনেকে ২ হাজার ৩৮৪ কোটি টাকার ৭ প্রকল্প অনুমোদন

২। বাংলাদেশ-স্লোভেনিয়া অব্যবহৃত খাত কাজে লাগাতে প্রধানমন্ত্রীর গুরুত্বারোপ

৩। জিএসপি'র বাইরেই থাকল বাংলাদেশ : কারণ রাজনৈতিক, বললেন বাণিজ্যমন্ত্রী

৪। ধর্মীয় অনুভূতিতে আঘাত দিলে আইনী ব্যবস্থা : স্বরাষ্ট্রমন্ত্রী

৫। মালয়েশিয়া যাওয়ার জন্য আগেভাগে লেনদেন নয়
: চাকরি প্রত্যাশীদের প্রতি প্রবাসী কল্যাণমন্ত্রী

৬। শিশুদের স্কুল ব্যাগের ওজন নিয়ে হাইকোর্টের রুল

৭। ১০ ট্যানারি মালিকের বিরুদ্ধে আদালত অবমাননার রুল

৮। একাত্তর টিভিতে দুই বিচারকের প্রচারিত কথোপকথন 'অডিও টেপ' দাখিলের নির্দেশ সুপ্রিম কোর্টের আপিল বিভাগের

৯। মানবতাবিরোধী অপরাধ মামলার রায়ে 'কসাই' সিরাজের মৃত্যুদণ্ড, আকরামের আমৃত্যু জেল

১০। সংবিধান সংস্কার কমিশন গঠনের আহ্বান : 'উদ্বিগ্ন নাগরিক সমাজ'-এর গোলটেবিল বৈঠক

চলমান পাতা/২

১। একনেকে ২ হাজার ৩৮৪ কোটি টাকার ৭ প্রকল্প অনুমোদন

ভারতের সঙ্গে বাণিজ্য বাড়াতে উন্নয়ন করা হচ্ছে সোনাহাট স্থলবন্দর। এজন্য নেওয়া হয়েছে নতুন প্রকল্প। এটি বাস্তবায়িত হলে ভারত ও বাংলাদেশের মধ্যে আমদানি-রপ্তানি পণ্য সামগ্রী গুদামজাতকরণ ও আনা-নেওয়ার সুবিধা বৃদ্ধি পাবে। মোট ৩৬ কোটি টাকা ব্যয়ে এ প্রকল্পটি ২০১৮ সালের জুন নাগাদ শেষ করার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। গতকাল **১১** আগস্ট মঙ্গলবার জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) সভায় এটির অনুমোদন দেওয়া হয়। এছাড়া ২ হাজার ৩৮৪ কোটি ৮৫ লাখ টাকা ব্যয় সংবলিত ৭টি প্রকল্প অনুমোদন দেয় একনেক। এর মধ্যে সরকারি তহবিলের ২ হাজার ৩৭২ কোটি ৮৫ লাখ টাকা, বাস্তবায়নকারী সংস্থার নিজস্ব তহবিল থেকে ১২ কোটি টাকা। রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত বৈঠকে প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপার্সন শেখ হাসিনা সভাপতিত্ব করেন। সূত্র-যুগান্তর (পৃ.১৬,ক.২), জনকণ্ঠ (পৃ.২,ক.৬), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.১), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৪)।

২। বাংলাদেশ-স্লোভেনিয়া অব্যবহৃত খাত কাজে লাগাতে প্রধানমন্ত্রীর গুরুত্বারোপ

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ ও স্লোভেনিয়ার মধ্যে বাণিজ্য ও অর্থনৈতিক সম্পর্কের অধিকতর সম্প্রসারণে অব্যবহৃত সম্ভাবনাময় খাতগুলো কাজে লাগাতে দু'দেশের মধ্যে প্রাতিষ্ঠানিক যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করেছেন। প্রধানমন্ত্রী বলেন, দু'দেশের বাণিজ্য ও অর্থনৈতিক সম্পর্কের আরও উন্নয়নে অব্যবহৃত সম্ভাবনা কাজে লাগাতে বাণিজ্য, বিনিয়োগ ও চেম্বার প্রতিনিধি বিনিময়ের মতো ব্যবস্থা গড়ে তোলা প্রয়োজন। প্রধানমন্ত্রীর সঙ্গে গতকাল **১১** আগস্ট মঙ্গলবার তাঁর শেরে বাংলানগরে জাতীয় অর্থনৈতিক পরিষদ ভবন কার্যালয়ে স্লোভেনিয়ার অনাবাসিক রাষ্ট্রদূত দারজাবাবডাজ কুয়েত সাক্ষাৎ করতে গেলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ কথা বলেন। বৈঠক শেষে প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম সাংবাদিকদের এ বিষয়ে ব্রিফ করেন। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৬), সংবাদ (শেষ পৃ.,ক.৪), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৬), নিউ নেশন বিজনেস (পৃ.১৩,ক.১)।

৩। জিএসপি'র বাইরেই থাকল বাংলাদেশ : কারণ রাজনৈতিক, বললেন বাণিজ্যমন্ত্রী

যুক্তরাষ্ট্রে বহুল আলোচিত অগ্রাধিকারমূলক বাণিজ্য সুবিধা-জিএসপি'র বাইরেই রয়ে গেল বাংলাদেশ। গত জানুয়ারিতে জিএসপি নিয়ে দেশটির বাণিজ্য দপ্তর বা ইউনাইটেড স্টেটস ট্রেড রিপ্রেজেনটেটিভ (ইউএসটিআর) পর্যালোচনা করে। এরপর ২৯ জুন জিএসপি সংক্রান্ত বিলে প্রেসিডেন্ট বারাক ওবামা স্বাক্ষর করেন; যা কার্যকর হয় ২৯ জুলাই থেকে। এতে বাংলাদেশ ও রাশিয়া বাদে ১২২টি স্বল্পোন্নত দেশ যুক্তরাষ্ট্রে পণ্য রপ্তানির ক্ষেত্রে জিএসপি'র অধীনে শুল্ক ও কোটামুক্ত সুবিধার পণ্য রপ্তানি করতে পারবে। এ প্রসঙ্গে গতকাল **১১** আগস্ট মঙ্গলবার সচিবালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে বাণিজ্য মন্ত্রী তোফায়েল আহমেদ বলেন, 'রাজনৈতিক বিবেচনা ছাড়া বাংলাদেশকে জিএসপি না দেওয়ার আর কোনো কারণ নেই। এ সুবিধা না দিলে বাংলাদেশের রপ্তানিতে ক্ষতি হবে না।' সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৬), ডেইলি সান (পৃ.১,ক.৩)। যায়যায়দিন, নিউ নেশন এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৪। ধর্মীয় অনুভূতিতে আঘাত দিলে আইনী ব্যবস্থা : স্বরাষ্ট্রমন্ত্রী

ব্লগে বা অন্য কোনো মাধ্যমে ধর্মীয় অনুভূতিতে আঘাত দিলে দেশীয় আইনে ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। গতকাল **১১** আগস্ট মঙ্গলবার গেন্ডারিয়ায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতরের ঢাকা আঞ্চলিক কার্যালয় উদ্বোধন শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা জানান। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৬), যুগান্তর (শেষ পৃ.,ক.৪), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.২), নিউ এজ (পৃ.১,ক.৪)।

৫। মালয়েশিয়া যাওয়ার জন্য আগেভাগে লেনদেন নয় : চাকরি প্রত্যাশীদের প্রতি প্রবাসী কল্যাণমন্ত্রী

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি বিদেশে চাকরি প্রত্যাশীদের মালয়েশিয়া যাওয়ার জন্য দালালদের অগ্রিম অর্থ না দেওয়ার আহ্বান জানিয়েছেন। মালয়েশিয়ার একটি প্রতিনিধি দল মন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাতের পর সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় মন্ত্রী এ আহ্বান জানান। সূত্র-যুগান্তর (পৃ.১,ক.৬), ইনকিলাব (শেষ পৃ.,ক.৬), নিউ নেশন (শেষ পৃ.,ক.৫), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৫)।

৬। শিশুদের স্কুল ব্যাগের ওজন নিয়ে হাইকোর্টের রুল

কোমলমতি শিশুদের দিয়ে বেশি ওজনের স্কুল ব্যাগ বহন করানোর বিষয়ে রুল জারি করেছে হাইকোর্ট। ওই রুলে শিশুদের শরীরের ওজনের ১০ শতাংশের বেশি স্কুল ব্যাগের ওজন নিষিদ্ধ ও প্রি-প্রাইমারি শিশুদের স্কুল ব্যাগ বহন না করতে কেন আইন প্রণয়নের নির্দেশ দেওয়া হবে না, তা জানতে চাওয়া হয়েছে। গতকাল **১১** আগস্ট মঙ্গলবার এ সম্পর্কিত দায়ের করা এক রিট আবেদনের শুনানি শেষে বিচারপতি মইনুল ইসলাম চৌধুরী ও বিচারপতি মো. আশরাফুল কামালের বেঞ্চ এ আদেশ দেন। আদেশে আগামী দুই সপ্তাহের মধ্যে আইন, শিক্ষা মন্ত্রণালয়ের সচিব, প্রাথমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালক ও জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যানকে রুলের জবাব দিতে বলা হয়েছে। সূত্র-যুগান্তর (পৃ.১,ক.৮), সমকাল (শেষ পৃ.,ক.৫), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৫), ডেইলি স্টার (পৃ.১,ক.৫)।

৭। ১০ ট্যানারি মালিকের বিরুদ্ধে আদালত অবমাননার রুল

রাজধানীর হাজারীবাগ থেকে চামড়া শিল্পের কারখানা সাভারে স্থানান্তরে আদালতের নির্দেশনা বাস্তবায়নে প্রতিবন্ধকতা সৃষ্টি করায় ১০ ট্যানারি মালিকের বিরুদ্ধে আদালত অবমাননার রুল দিয়েছেন হাইকোর্ট। বিচারপতি মো. আশফাকুল ইসলাম ও বিচারপতি জাফর আহমেদের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ গতকাল ১১ আগস্ট মঙ্গলবার এ রুল দেন। আদালত অবমাননার অভিযোগে কেন ওই ১০ ট্যানারি মালিকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে না-তা রুলে জানতে চাওয়া হয়েছে। আগামী দুই সপ্তাহের মধ্যে তাদের এ রুলের জবাব দিতে হবে। সূত্র-প্রথম আলো (পৃ.৫,ক.২), সমকাল (পৃ.২,ক.২), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.৭)। ডেইলি স্টার এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৮। একাত্তর টিভিতে দুই বিচারকের প্রচারিত কথোপকথন 'অডিও টেপ' দাখিলের নির্দেশ সুপ্রিম কোর্টের আপিল বিভাগের

আদালতে বিচারাধীন বিষয় নিয়ে একাত্তর টেলিভিশনে সম্প্রচারিত খবর ও আলোচনা অনুষ্ঠানের ভিডিও এবং সেখানে শোনানো দুই বিচারকের কথোপকথনের 'অডিও টেপ' আগামী ১৬ আগস্টের মধ্যে দাখিল করতে নির্দেশ দিয়েছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। গতকাল ১১ আগস্ট মঙ্গলবার প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার নেতৃত্বাধীন চার সদস্যের আপিল বেঞ্চ স্বতঃপ্রণোদিত হয়ে এ আদেশ দেন। সূত্র-সংবাদ (পৃ.১,ক.৫), ইত্তেফাক (পৃ.১,ক.৪), নিউজ টুডে (পৃ.১,ক.২), ডেইলি স্টার (পৃ.১,ক.১)।

৯। মানবতাবিরোধী অপরাধ মামলার রায়ে 'কসাই' সিরাজের মৃত্যুদণ্ড, আকরামের আমৃত্যু জেল

মুক্তিযুদ্ধের সময়ে মানবতাবিরোধী অপরাধের দায়ে বাগেরহাটের রাজাকার নেতা শেখ সিরাজুল হক ওরফে সিরাজ মাস্টারকে মৃত্যুদণ্ড ও একই মামলার অপর আসামি খান আকরাম হোসেনকে আমৃত্যু কারাদণ্ড দিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। ট্রাইব্যুনাল-১ এর চেয়ারম্যান বিচারপতি এম ইনায়েতুর রহিমের নেতৃত্বে তিন বিচারপতির বেঞ্চ গতকাল ১১ আগস্ট মঙ্গলবার এ রায় দেন। সূত্র-ডেইলি সান (শেষ পৃ.,ক.১), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৬)। ভোরের কাগজ, জনকণ্ঠ এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

১০। সংবিধান সংস্কার কমিশন গঠনের আহ্বান : 'উদ্বিগ্ন নাগরিক সমাজ'-এর গোলটেবিল বৈঠক

রাষ্ট্রের সাংবিধানিক প্রতিষ্ঠানগুলোকে কার্যকর ও ক্রিয়াশীল করার লক্ষ্যে এবং রাষ্ট্রপতি-প্রধানমন্ত্রী, জাতীয় সংসদ ও সাংবিধানিক প্রতিষ্ঠানগুলোর ক্ষমতার ভারসাম্য আনতে সংবিধান সংস্কার অপরিহার্য বলে মনে করছেন নাগরিক সমাজের বিশিষ্টজনরা। এজন্য সংবিধান সংস্কার কমিশন গঠনের আহ্বান জানিয়েছেন তারা। গতকাল ১১ আগস্ট মঙ্গলবার রাজধানীর ব্র্যাক ইন সেন্টারে 'উদ্বিগ্ন নাগরিক সমাজ' আয়োজিত 'পূর্ণ গণতন্ত্রের জন্য ক্ষমতার নিয়ন্ত্রণ ও ভারসাম্য' শীর্ষক গোলটেবিল আলোচনায় তারা এই আহ্বান জানান। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ., ক.৬), নিউ এজ (পৃ.১,ক.৮), ফিনানশিয়াল এক্সপ্রেস (পৃ.১,ক.৩)। ইনকিলাব এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

সম্পাদকীয়

ক. প্রথম আলো : দেশের প্রায় সব কয়টি জেলা মহিলা ক্রীড়া সংস্থার সভাপতি পদে সে জেলার জেলা প্রশাসকের আসীন থাকার খবর উল্লেখ করে গঠনতন্ত্র অনুযায়ী এক্ষেত্রে স্থানীয় মহিলা ক্রীড়া ব্যক্তিত্বকে সভাপতি করার ওপর গুরুত্বারোপ;

খ. জনকণ্ঠ : এইচএসসি পরীক্ষায় ফলাফল বিপর্যয়ের কারণ অনুসন্ধান করে তা নিরসন করে শিক্ষার মান বাড়ানোয় নজর দেওয়ার সুপারিশ;

গ. সংবাদ : বাংলাদেশ থেকে ভারতে অবৈধ পারাপার বন্ধ করতে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) স্বল্প মেয়াদি এন্ট্রি ভিসা চালুর জন্য ভারতের সীমান্তরক্ষী বাহিনীকে (বিএসএফ) যে প্রস্তাব দিয়েছে ভারত তা সক্রিয়ভাবে বিবেচনা করবে এই প্রত্যাশা ব্যক্ত;

ঘ. সমকাল : অতিদরিদ্রদের কর্মসংস্থানের উদ্দেশ্যে গৃহীত সরকারের কর্মসৃজন প্রকল্পের অর্থ লুটপাট হওয়ার অভিযোগ পাওয়া গেছে উল্লেখ করে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা না গেলে এ ধরনের প্রকল্প দুর্নীতি ও অনিয়মমুক্ত হবে না বলে মত প্রকাশ;

ঙ. যুগান্তর : সড়কের নিরাপত্তা নিশ্চিত করতে সর্বোচ্চ নীতি নির্ধারণী ফোরাম জাতীয় সড়ক নিরাপত্তা কাউন্সিলের সভায় মহাসড়কে যানবাহনের সর্বোচ্চ গতিসীমা ঘণ্টায় ৮০ কিলোমিটার ও ঢাকাসহ সব সিটি কর্পোরেশন এলাকায় ঘণ্টায় ৪০ কিলোমিটার নির্ধারণ করার কথা উল্লেখ করে তা সবাই মেনে চলবে এই প্রত্যাশা ব্যক্ত;

চ. নিউ এজ : ভোলায় একজন কৃষককে পুলিশের নির্যাতনের কথা উল্লেখ করে সাধারণ মানুষের ওপর আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নির্যাতন কোনোভাবেই কাম্য নয় বলে মন্তব্য;

ছ. ইন্ডিপেনডেন্ট : খুলনা মেডিকেল কলেজ থেকে গরিব রোগীদের বিভিন্ন প্রাইভেট ক্লিনিক ও হাসপাতালের দালাল ও প্রতিনিধিরা তাদের হাসপাতালে চিকিৎসা নিতে নিয়ে আসছে উল্লেখ করে সরকারি হাসপাতালের চিকিৎসা ব্যবস্থার অপ্রতুলতা দূর করার ওপর গুরুত্বারোপ;

জ. ডেইলি স্টার : শারীরিক লাঞ্ছনার শিকার কন্যা শিশুদের দ্রুত আইনি প্রতিকার পেতে বিশেষ ট্রাইব্যুনালের

ব্যবস্থা করা সহ নির্যাতিত ও তাদের পরিবারের নিরাপত্তা বিধানে যথাযথ ব্যবস্থা নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে শিল্প কারখানাকে পরিবেশবান্ধব করার জন্য যুগোপযোগী নীতিমালা তৈরি এবং তা মেনে চলার বিষয়ে নিশ্চয়তা বিধান করতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত 'কেন এত মৃত্যু, কেন এই নৃশংসতা' শিরোনামের নিবন্ধে ড. মো. রওশন আলম একের পর এক খুনের ঘটনার পুনরাবৃত্তি ঠেকাতে হলে সকল পর্যায়ে আইনের শাসন নিশ্চিত করার যেমন কোনো বিকল্প নেই, তেমনি সকল স্তরের নাগরিকের অংশগ্রহণে সামাজিক প্রতিরোধ গড়ে তোলাও জরুরি বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা